

আল-বাকার | Al-Baqara | الْبَقَرَة

আয়াতঃ ২ : ৪৩

আরবি মূল আয়াত:

وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَارْكَعُوا مَعَ الرَّاكِعِينَ ﴿٤٣﴾

অনুবাদসমূহ:

আর তোমরা সালাত কায়েম কর, যাকাত প্রদান কর এবং রুকুকারীদের সাথে রুকু কর। — আল-বায়ান

তোমরা নামায কায়েম কর, যাকাত দাও এবং রুকুকারীদের সঙ্গে রুকু কর। — তাইসিরুল

আর তোমরা সালাত প্রতিষ্ঠিত কর ও যাকাত প্রদান কর এবং রুকুকারীদের সাথে রুকু কর। — মুজিবুর রহমান

And establish prayer and give zakah and bow with those who bow [in worship and obedience]. — Sahih International

৪৩. আর তোমরা সালাত প্রতিষ্ঠা কর ও যাকাত দাও এবং রুকুকারীদের সাথে রুকু কর।(১)

১. হাসান বলেন, সালাত এমন এক ফরয যা না পাওয়া গেলে অন্য কোন আমলই কবুল করা হয় না। অনুরূপভাবে যাকাতও। [আত-তাফসীরুস সহীহ] আয়াতে বর্ণিত ‘রুকু’ এর শাব্দিক অর্থ ঝুঁকা বা প্রণত হওয়া। এ অর্থের পরিপ্রেক্ষিতে এ শব্দ সিজদার স্থলেও ব্যবহৃত হয়। কেননা, সেটাও ঝুঁকারই সর্বশেষ স্তর। কিন্তু শরীআতের পরিভাষায় ঐ বিশেষ ঝুঁকাকে রুকু বলা হয়, যা সালাতের মধ্যে প্রচলিত ও পরিচিত। আয়াতের অর্থ এই যে, রুকুকারীগণের সাথে রুকু কর। এখানে প্রণিধানযোগ্য এই যে, সালাতের সমগ্র অংগ-প্রত্যংগের মধ্যে রুকুকে বিশেষভাবে কেন উল্লেখ করা হলো? উত্তর এই যে, এখানে সালাতের একটি অংশ উল্লেখ করে গোটা সালাতকেই বুঝানো হয়েছে। যেমন, কুরআনুল কারীমের এক জায়গায় (وَقُرْآنَ الْفَجْرِ) “ফজর সালাতের কুরআন পাঠ” বলে সম্পূর্ণ ফজরের সালাতকেই বুঝানো হয়েছে। তাছাড়া হাদীসের কোন কোন রেওয়াতে “সিজদা” শব্দ ব্যবহার করে পূর্ণ এক রাকাত বা গোটা সালাতকেই বুঝানো হয়েছে। সুতরাং এর মর্ম এই যে, সালাত আদায়কারীগণের সাথে সালাত আদায় কর। অর্থাৎ “রুকুকারীদের সাথে” শব্দদ্বয়ের দ্বারা জামা’আতের সাথে সালাত আদায়ের নির্দেশ দেয়া হয়েছে।

তাফসীরে জাকারিয়া

৪৩। তোমরা যথাযথভাবে নামায পড় ও যাকাত দাও এবং নামাযীদের সঙ্গে নামায আদায় কর।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=50>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন